

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা জজের কার্যালয়  
রংপুর।  
অফিস আদেশঃ

নংঃ ১৬২/২০১৮

তারিখঃ ১৬/০৮/২০১৮ খ্রিঃ।

রংপুর জেলা জজশীপের অধীনস্থ বিভিন্ন আদালত ও দপ্তরসমূহের “ নিম্নমান সহকারী/অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর ” এর ০১ (এক) টি শূণ্য পদ সংশ্লিষ্ট বিধি মোতাবেক পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির গত ১৪/০৮/২০১৮ খ্রিঃ তারিখের ৪৫২/২০১৮ নং স্মারকমূলে দাখিলী প্রতিবেদনের সুপারিশের আলোকে অত্র আদালতের নেজারত বিভাগে কর্মরত নিম্নবর্ণিত “ প্রসেস সার্ভার (জারীকারক) ” কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬ তম গ্রেডে ৯,৩০০---২২,৪৯০/-টাকা বেতন স্কেলে “ নিম্নমান সহকারী/অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর ” এর শূণ্য পদে পদোন্নতি প্রদান করতঃ পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাহার নামে পার্শ্ব বর্ণিত আদালতে নিয়োগ করা হইল।

ক্রমিক নং	নাম, পদবী ও বর্তমান কর্মস্থল	পদোন্নতি সূত্রে নিয়োগকৃত কর্মস্থল
১।	জনাব মোঃ ফারুক হোসেন সরকার জারীকারক, নেজারত বিভাগ জেলা জজ আদালত, রংপুর।	নাজির (নিম্নমান সহকারী/অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর) সিনিয়র সহকারী জজ আদালত পীরগাছা, রংপুর।

জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এর ৮(খ) বিধি মোতাবেক তাহার এই পদোন্নতি ০২ বৎসরের জন্য শিক্ষানবিসকাল হিসাবে গণ্য করা হইবে। শিক্ষানবিসকালে সংশ্লিষ্ট কর্মচারীর আচার আচরণ ও কর্মদক্ষতা সন্তোষজনক প্রতীয়মান না হইলে বিধি মোতাবেক তাহাকে পূর্ব পদে প্রত্যাবর্তন করা হইবে।

তাহাকে আগামী ২০/০৮/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের নির্দেশ প্রদান করা হইল।  
সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত  
( এ,বি,এম নিজামুল হক )  
সিনিয়র জেলা জজ  
রংপুর।

স্মারক নংঃ জেঃজঃরং ৩৩২(৮)/২০১৮

তারিখঃ ১৬/০৮/২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ২। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদ করণ সংক্রান্ত কমিটি, রংপুর।
- ৩। বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, পীরগাছা, রংপুর।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৫। জনাব মোঃ ফারুক হোসেন সরকার, জারীকারক, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ৬। আদেশ বহি/অফিস ফাইল।

( এ,বি,এম নিজামুল হক )  
সিনিয়র জেলা জজ  
রংপুর।